

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd


স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১১২.১৯.১১৫৭

২৯ আশ্বিন ১৪২৬ ব.
তারিখ:-----
১৪ অক্টোবর, ২০১৯ খ্রি.

বিষয়: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১০/১০/২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় (হার্ডকপি ও সফটকপি ই-মেইল: csmoys66@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।


(মোঃ ফজলে এলাহী)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২২

ই-মেইল: csmoys66@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/সমন্বয়/যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (সকল) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৭। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৮। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ৯। উপসচিব (সকল) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ১১। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্সে আপলোড করার অনুরোধসহ)

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ আখতার হোসেন
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ১০ অক্টোবর, ২০১৯ খ্রি.
সময় : সকাল- ১১:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয়) গত ১০ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ১০-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। সভাপতি মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি দ্রুততার সাথে দাপ্তরিক কার্য সম্পাদন করার জন্য এবং দ্রুত সময়ের মধ্যে সেবা গ্রহিতাদের সেবা প্রদান নিশ্চিত করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রতি আহ্বান জানান। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করার জন্য সভাপতি সকল দপ্তর/সংস্থার প্রধানদেরকে অনুরোধ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) তথ্য অধিকার আইনসহ সংশ্লিষ্ট সকল আইন, বিধি-বিধান, নীতিমালা এবং সেবা সংক্রান্ত সকল কার্যাবলী সেবা গ্রহিতাদের জ্ঞাতার্থে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- (খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
- (গ) মন্ত্রণালয়ের ইন্টারনেটের গতি ১০০ এমবিপিএস করার বিষয়ে প্রশাসন অনুবিভাগ কর্তৃক দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ঘ) প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে অফিসে পানি, বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং অপচয় রোধ করতে হবে।
- (ঙ) সকল দপ্তর/সংস্থাকে ভিডিও কনফারেন্স পরিচালনা করার জন্য দ্রুততম সময়ে স্ব-স্ব বাজেট হতে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (চ) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার সকল শূন্য পদ দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ছ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০-এর প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আখতার হোসেন)
সচিব